**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৬.২০.৮৩০ তারিখ: ১৮/০৫/২০২০ খ্রি.

**বিষয়: পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'আম্পান' বিষয়ে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিরতিহীন অনুষ্ঠান প্রচার সংক্রান্ত বিশেষ নির্দেশনা।**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ১৯ (উনিশ), তারিখ: ১৮.০৫.২০২০ অনুযায়ী, পশ্চিম মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'আম্পান' উত্তর দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে সুপার ঘূর্ণিঝড় আকারে বর্তমানে একই এলাকায় অবস্থান করছে। মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৭ (সাত) নম্বর পুনঃ ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে এবং চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্র বন্দরকে ০৬ (ছয়) নম্বর পুনঃ ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এ প্রেক্ষিতে-

১। বাংলাদেশ বেতার ঢাকা এর মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জ, এফ.এম ৯২ মেগাহার্জ, এফ.এম ১০৬ মেগাহার্জে, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে www.betar.gov.bd তে ১৮/৫/২০২০ খ্রি:, সোমবার থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিরতীহীন অনুষ্ঠান প্রচার করা হবে। উপকূলবর্তী আঞ্চলিক কেন্দ্র বাংলাদেশ বেতার, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, কক্সবাজার এবং কুমিল্লা কেন্দ্রের সংশ্লিষ্ট মধ্যম তরঙ্গ ও এফ.এম তরঙ্গে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জ থেকে প্রচারিত বিরতিহীন অনুষ্ঠানমালা একযোগে রীলে করা হবে।

২। বিরতিহীন অনুষ্ঠান প্রচারকালীন সংশ্লিষ্ট কেন্দ্র থেকে দেশের গান, ভক্তিমূলক গান, দুর্যোগ সম্পর্কে শ্লোগান, জিংগেল, আবহাওয়াবার্তা/ আবহাওয়ার বিশেষ বুলেটিন/ বিশেষ ঘোষণা প্রচার করতে হবে। প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত নির্দেশ স্থানীয় কথ্য ভাষায় প্রচার করতে হবে। এবং বিরতিহীন অনুষ্ঠান প্রচারকালীন বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র স্থানীয় সময় অনুযায়ী আযান, সাহরী ও ইফতারের অনুষ্ঠান প্রচার করবে।

৩। বাংলাদেশ বেতার ঢাকা এর মধ্যম তরঙ্গ ১১৭০ কিলোহার্জ, ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জ, বাণিজ্যিক কার্যক্রম ৬৩০ কিলোহার্জ, এফ.এম ১০৪ মেগাহার্জ এবং বাংলাদেশ বেতার রাজশাহী, সিলেট, রংপুর, ঠাকুরগাঁও, রাঙ্গামাটি, বান্দরবান, গোপালগঞ্জ ও ময়মনসিংহ কেন্দ্রের সংশ্লিষ্ট মধ্যম তরঙ্গ ও এফ.এম তরঙ্গে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলোহার্জ থেকে প্রচারিত অনুষ্ঠানমালা সংশ্লিষ্ট কেন্দ্র/ ইউনিটের নির্দিষ্ট প্রচার সময় অনুযায়ী রীলে করবে।

৪। প্রচার সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে বিবিসি ও এনএইচকে-র অনুষ্ঠান যথারীতি প্রচার হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফ.এম. ব্যান্ডে (যদি থাকে) বাংলাদেশ বেতার ঢাকা এর মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলেহার্জ রীলে হবে। এছাড়া বাংলাদেশ বেতার, কক্সবাজার কেন্দ্রের মধ্যম তরঙ্গ ট্রান্সমিটারটি সচল না থাকায় কক্সবাজার কেন্দ্রের এফ.এম ১০০.৮ মেগাহার্জে বাংলাদেশ বেতার ঢাকা এর মধ্যম তরঙ্গ ৬৯৩ কিলেহার্জ রীলে হবে এবং রীলে চলাকালীন বিবিসি-র অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৫। ঘূর্ণিঝড় আম্পান বিষয়ক অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় প্রচার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা এর সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সমন্বয় করে অনুষ্ঠান প্রচার করার জন্য সংশ্লিষ্ট সকল আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটকে নির্দেশ প্রদান করা হলো।

৬। আবহাওয়া অফিস কর্তৃক ঘূর্ণিঝড়ের বিপদ সংকেত মহাবিপদ সংকেতে পরিবর্তিত হলে বিরতীহীন অনুষ্ঠান প্রচারের পাশাপাশি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে কর্মস্থলে অবস্থান করার নির্দেশ প্রদান করা হলো।

৭। আবহাওয়া অফিস কর্তৃক মহাবিপদ সংকেত ৮, ৯ এবং ১০ দেখানো হলে টোন ডাউন হবে এবং সকল কেন্দ্র/ইউনিট একযোগে ঢাকা কেন্দ্রের অনুষ্ঠান রীলে করবে। এ সময় ঢাকাসহ সংশ্লিষ্ট সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট ১৫ মিনিট পর পর আবহাওয়ার সর্বশেষ বুলেটিন ঘোষণা, আশ্রয় কেন্দ্রে যাওয়ার অনুরোধ, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী প্রস্তুতি, সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের জারীকৃত নির্দেশ/ ঘোষণা/ বিবৃতি প্রচার করবে। আবহাওয়ার সর্বশেষ বুলেটিন ঘোষণা, আশ্রয় কেন্দ্রে যাওয়ার অনুরোধ, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী প্রস্তুতি প্রমিত বাংলা ভাষার পাশাপাশি আঞ্চলিক ভাষায় প্রচারের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৮। দুর্যোগকালীন সম্প্রচারের ক্ষেত্রে বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় প্রণীত সর্বশেষ 'দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী' অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকল কেন্দ্র/ইউনিট প্রধানদের নির্দেশনা প্রদান করা হলো।

৯। দুর্যোগ পরবর্তীকালে সদর দপ্তরের নির্দেশনা সাপেক্ষে আঞ্চলিক কেন্দ্র/ইউনিটসমূহ স্বাভাবিক সম্প্রচারে যাবে।

১০। জাতীয় ও স্থানীয়/ আঞ্চলিক সংবাদে আবহাওয়ার সর্বশেষ তথ্য গুরুত্ব সহকারে প্রচারের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সালাহউদ্দিন আহমেদ
উপ-মহাপরিচালক, (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে
ফোন:০২-৪৪৮১৩০৬৭
salahuddinddg@yahoo.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিত নয়)-**

১। উপ-মহাপরিচালক, বার্তা/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,ধামরাই, ঢাকা।

৩। সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া ।

৪। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ আগারগাঁও, ঢাকা।

৫। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ/ পুরাতন প্রচার ভবন, কালুরঘাট, চট্টগ্রাম।

৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা ।

৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/ রাঙামাটি/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।

৮। নথি।

**অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

১। সচিবের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

২। মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।


(কামাল আহমেদ)
পরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮১৩০৭৪
dp.program.betar@gmail.com